

স্কুল লাইব্রেরির বই ও পত্রিকা ক্রয়ে দুর্নীতি মধুখালীতে প্রধান শিক্ষক ভূয়া বিলে টাকা উত্তোলন করেছেন

প্রতিদিনী, মধুখালী (ফরিদপুর)

মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে লাইব্রেরির জন্য বই ও পত্রিকা ক্রয় না করে ভূয়া বিল দিয়ে টাকা উত্তোলনের অভিযোগ পাওয়া গেছে। মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বই ও পত্রিকা/ম্যাগাজিন ক্রয়ের জন্য সর্বমোট ৬৮ হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ অনুমোদিত তালিকা অনুযায়ী বই ক্রয়ের নির্দেশ দেয়া হয়। কিন্তু সরকারি সব বিধি নিষেধকে বৃদ্ধাঙ্গুলি দেনিয়ে মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ থানা শিক্ষা অফিসারের যোগসাজশে তাদের ইচ্ছামত নামমাত্র মূল্যের বই ক্রয় করেন। থানা শিক্ষা কর্মকর্তা ও প্রধান শিক্ষক

মধুখালী রেলগেটের বই ব্যবসায়ী সৌরভ বুকস পয়েন্টকে বইগুলো সরবরাহের নির্দেশ দেন। কিন্তু পরে বইগুলো ওই দোকান থেকে ক্রয় করা হয়নি। মধুখালী রেলগেটের সৌরভ বুকস পয়েন্ট ও লাকী বুক ডিপোর বিল ভাউচারে বিল উত্তোলন করা হয়। এ ব্যাপারে সৌরভ বুকস পয়েন্ট ও লাকী বুক ডিপোর স্বত্বাধিকারী জানান, প্রধান শিক্ষক তাদের সঙ্গে প্রত্যাহা করে দোকানের বিল ভাউচারগুলো নিয়ে গেছেন। তারা কোন বই সরবরাহ করেননি। এ ব্যাপারে থানা শিক্ষা কর্মকর্তা এ প্রতিবেদনকে জানান, বইগুলো তারা টাকা থেকে ক্রয় করেছেন। অন্যদিকে স্কুলের পত্রিকা/ম্যাগাজিন ক্রয়ের ক্ষেত্রেও একই দুর্নীতির অশ্রয় নেয়া হয়েছে। প্রধান শিক্ষক স্কুলের নামে কোন পত্রিকা/ম্যাগাজিন ক্রয় না করেই জনৈক পত্রিকা ব্যবসায়ী নওশের উল আলমের বিল ভাউচার দিয়ে টাকা তুলে নিয়েছেন।